

‘ঠাকুরগাঁও এর হরিপুর’ উপজেলায় দুদকের ‘গণশুনানী’ অনুষ্ঠিত

দুর্নীতি প্রতিরোধ ও জনগণের সেবা প্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে উপজেলা প্রশাসন, হরিপুর, ঠাকুরগাঁও এর সার্বিক সহযোগিতায় দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, দিনাজপুর ও উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, হরিপুর, ঠাকুরগাঁও কর্তৃক অদ্য ২৯/০৭/২১৮ খ্রিঃ তারিখে উপজেলা পরিষদ মিলনায়তনে এক ‘গণশুনানী’র আয়োজন করা হয়। গণশুনানিতে হরিপুর উপজেলায় অবস্থিত সকল সরকারি দপ্তরের কর্মকর্তা উপস্থিত ছিলেন। এছাড়া উপস্থিত ছিলেন এলাকার গণ্যমান্য ব্যক্তিত্ব, স্থানীয় মুক্তিযোদ্ধা, স্থানীয় রাজনৈতিক নেতৃত্ববৃন্দ, সাংবাদিকবৃন্দ, স্থানীয় সুশীল সমাজের প্রতিনিধি এবং সর্বস্তরের জনগণ।

গণশুনানীতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দুর্নীতি দমন কমিশনের মাননীয় কমিশনার (তদন্ত) এ, এফ, এম আমিনুল ইসলাম। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন হরিপুর উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি সেলিম রেজা তালুকদার। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোঃ মনিরুজ্জামান, পরিচালক (প্রতিরোধ ও গণসচেতনতা), দুর্নীতি দমন কমিশন, আব্দুল করিম, বিভাগীয় পরিচালক, রাজশাহী; এম. জে আরিফ বেগ প্রমুখ। গণশুনানি অনুষ্ঠান পরিচালনা করেন ড. এ কে এম আজাদুর রহমান, উপপরিচালক, স্থানীয় সরকার, ঠাকুরগাঁও।

গণশুনানীতে উপজেলা সেটেলমেন্ট অফিস, হরিপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পল্লী বিদ্যুৎ অফিস, উপজেলা ভূমি অফিস, সাব-রেজিস্ট্রার, উপজেলা প্রকৌশল অফিস এবং সমবায় অফিস এর বিরুদ্ধে বিভিন্ন হয়রানি ও অনিয়মের অভিযোগ করেন স্থানীয় ভুক্তভোগী জনগণ।

প্রধান অতিথি ধৈর্যসহকারে ভুক্তভোগী জনগণের বক্তব্য শোনে এবং সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তাদের হয়রানিমুক্তভাবে সেবা প্রদানের জন্য কঠোরভাবে নির্দেশনা প্রদান করেন। তিনি তার বক্তব্যে বলেন, দুর্নীতি দমন কমিশনের আইনের ২টি দিকের একটি হলো দমন এবং আরেকটি হলো প্রতিরোধ। জনগণের অধিকার অনুযায়ী সেবা পাচ্ছেন কিনা সেগুলো জানা ও সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে দুদক প্রত্যন্ত অঞ্চলে গণশুনানী পরিচালিত করছে। জনগণের অভিযোগ তাৎক্ষণিকভাবে সমাধান দেয়া সরকারি কর্মকর্তাদের দায়িত্ব। এর ব্যত্যয় ঘটলে দুদক সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করবে। তিনি সংশ্লিষ্টদের হুশিয়ার করে দিয়ে বলেন, টিআর, কাবিখার প্রকল্প সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে, তা না হলে কঠিন পরিণতি অপেক্ষা করছে। পরিশেষে নাগরিক সনসদ অনুযায়ী জনগণের নাগরিক সেবা নিশ্চিতকরণের জন্য স্থানীয় সরকারি কর্মকর্তা/কর্মচারীদের নির্দেশ প্রদান করেন।